

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
জুড়ী, মৌলভীবাজার।

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার কর্তৃক স্মারক নং- ১৭.০৭.৫৮০০.০০০.৪১.০০১.১৩-৩৬২ তারিখঃ ২৯/০৯/২০২১ খ্রিঃ মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলার পূর্বজুড়ী, পশ্চিম জুড়ী, জায়ফরনগর, গোয়ালবাড়ী ও সাগরনাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচীর প্রজ্ঞাপন জারী করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী এবং জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মৌলভীবাজার এর ২৯/০৯/২০২১খ্রিঃ তারিখের ১৭.০৭.৫৮০০.০০০.৪১.০০১.১৩-৩৬১ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক আমি মুহাম্মদ জসিম উদ্দিন, উপজেলা কৃষি অফিসার, জুড়ী এবং রিটার্নিং অফিসার

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলার জায়ফরনগর ও পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছি :

(ক) রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ:	:	১৭ অক্টোবর ২০২১ (রবিবার)
(খ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ অক্টোবর ২০২১ (বুধবার)
(গ) প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার)
(ঘ) ভোট গ্রহণের তারিখ	:	১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)

আমি আরও জানাইতেছি যে, অদ্য ২৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ (বুধবার) হতে আগামী ১৭/১০/২০২১ খ্রিঃ তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা কৃষি অফিস, জুড়ী) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

(মুহাম্মদ জসিম উদ্দিন)  
উপজেলা কৃষি অফিসার

ও

রিটার্নিং অফিসার

জায়ফরনগর ও পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১

জুড়ী, মৌলভীবাজার

তারিখ : ২৯/০৯/২০২১খ্রিঃ

স্থান : রিটার্নিং অফিসারের কার্যালয়

জুড়ী, মৌলভীবাজার।

তারিখ : ২৯/০৯/২০২১খ্রিঃ

স্মারক নং ১২.১৮.৫৮৩৫.০৩৯.০১.০০০.২১-৭৩৯

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয় ঢাকা।
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।
৪. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৫. জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার।
৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
৮. উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার।
৯. অফিসার ইন-চার্জ, জুড়ী থানা, জুড়ী, মৌলভীবাজার।
১০. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, জুড়ী, মৌলভীবাজার।
১১. চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, জুড়ী, মৌলভীবাজার। (বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১২. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, জুড়ী, মৌলভীবাজার। (জনস্বার্থে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৩. এ কার্যালয়ের নোটিশ বোর্ড/অফিস নথি।